জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থবছরের উদ্যোগ সমূহ:

| ক্র:নং | দপ্তরের নাম | ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়ার নাম | সংশিক্ষপ্ত বিবরণ | যৌক্তিকতা | প্রত্যাশিত ফলাফল | উদ্ভাবক (বৃন্দ... মোবাইল, পদবি, ... মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| উদ্ভাবনী উদ্যোগ — | | | | | | |
| | সংস্থার প্রধান কার্যালয় | সংস্থার প্রধান কার্যালয়ের নারী নির্যাতন প্রতিরোধ সেলের সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজিকরণ ;<br><br>(জেনে নেই, মেনে চলি, নিরাপদে জীবন গড়ি ও বিপদে পরলে জাতীয় মহিলা সংস্থার যাহায্য নেই) | নারী নির্যাতন প্রতিরোধ সেলের সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজিকরণ এবং জীবন যাপনে সচেতনতা বৃদ্ধি ; | জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ে ''নারী নির্যাতন প্রতিরোধ সেল'' শীর্ষক একটি শাখা রয়েছে। এই শাখার মাধ্যমে নির্যাতিত নারীদের বিভিন্ন সেবা প্রদান করা হয়। যেমন:-বিবাহিত নির্যাতিত নারীদের স্বামী-স্ত্রীর পক্ষকে একত্রিত করে মিলিয়ে দেওয়া, বিবাহ বিচ্ছেদ প্রয়োজন হলে তার ব্যবস্থা করা, বিবাহ বিচ্ছেদের পর তাদের কাবিননামার অর্থ আদায় করে দেয়া, বাচ্চা থাকলে বাচ্চা ও প্রসূতির খোরপোষ আদায় করে দেয়া, এক্ষেত্রে আইনগত সহায়তার প্রয়োজন হলে আইন সহায়তা কেন্দ্রে প্রেরণ, পুলিশি সাহায্য প্রয়োজন হলে ব্যাবস্থা গ্রহণ ইত্যাদি । এছাড়াও যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ এবং নারী ও শিশু পাচার প্রতিরোধকল্পে সংস্থার ৬৪ জেলা ও ৫০ উপজেলায় উঠান বৈঠকের মাধ্যমে সচেতন করা হয়। এধরণে কার্যক্রমের আওতায় সংস্থার বছরের প্রায় ১০ থেকে ১৫ হাজার নারীকে সেবা প্রদান করে থাকে।<br><br>বর্তমানে নির্যাতিত নারীগণ সংস্থায় এসে তাদের সমস্যার কথা সেলে কর্মরত কর্মকর্তাকে বর্ণনা করলে কর্মকর্তা তার অভিযোগের বিষয় নির্ধারণ করে অভিযোগ ফরম পূরণ করে দেন । পরর্তীতে বাদী এবং বিবাদীর নামে শুনানীর তারিখ দিয়ে পত্র প্রেরণ করেন। বাদী- বিবাদী পত্র সময়মত পেলে সেলে হাজির হয় এবং শুনানী হয়। শুনানীর পর সম্ভব হলে স্বামী-স্ত্রীকে সংসারে একত্রিত দেওয়া, বিবাহ বিচ্ছেদ প্রয়োজন হলে তার ব্যবস্থা করা, বিবাহ বিচ্ছেদের পর তাদের কাবিননামার অর্থ আদায় করে দেয়া, বাচ্চা থাকলে বাচ্চা ও প্রসূতির খোরপোষ | নির্যাতিত নারীগণ সময়মত ও স্বল্প খরচে সেবা পাবেন। | জনাব মাছুম... মূল্যায়ন ক... জাতীয় মহিলা স... কার্যালয়<br><br>মোবাইল -০১৭২...<br>ই-মেইল...<br>masomajms@g... |



পরিচালক
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

| ক্র:নং | দপ্তরের নাম | ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়ার নাম | সংশিক্ষপ্ত বিবরণ | যৌক্তিকতা | প্রত্যাশিত ফলাফল | উদ্ভাবক (বৃন্দের) ন মোবাইল, পদবি, কার্য মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | আদায় করে দেয়া, এক্ষেত্রে আইনগত সহায়তার প্রয়োজন হলে আইন সহায়তা কেন্দ্রে প্রেরণ, পুলিশি সাহায্য প্রয়োজন হলে ব্যাবস্থা গ্রহণ ইত্যাদি কার্য সম্পাদন করতে প্রায় ২ মাস সময় ক্ষেপন হয়। এবং বাদী বিবাদী ৫-৬ বার আসা যাওয়া করতে হয়। এতে সেবা গ্রহীতা হয়রানীর শিকার হয়।<br><br>প্রস্তাবিত উদ্ভাবনী উদ্যোগ :<br>১। নির্যাতন প্রতিরোধ সেলে অভিযোগের জন্য একটি নির্ধারিত অভিযোগ ফরম থাকবে, যা সেলের একটি নির্ধারিত জায়গায় রক্ষিত থাকবে। যে কোন সময় যে কোন নির্যাতিত অফিযোগকারী বিনা খরচে ফরম সংগ্রহ করতে পারবে। এতে অন্য কারো যাহায্য নিতে হবে না।<br><br>২। সেলের সামনে একটি অফিযোগ বক্স থাকবে, অভিযোকারী তার লিখিত (সংক্ষেপে) অফিযোগ বক্সে রেখে যাবেন।<br><br>৩। নির্যাতন সেলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্মদিবসের প্রতিদিন ১ম প্রহরে বক্স থেকে (যদি থাকে) অভিযোগ সংগ্রহ করবেন।<br>৪। অভিযোগ সংগ্রহ করে নির্ধারিত রেজিষ্টারে এন্টি দিয়ে। বাদী –এবং বিবাদীকে শুনারীর নির্ধারিত তারিখ টেলিফোনের মাধ্যমে জানিয়ে দিবেন। একই সাথে পত্র প্রেরণ করবেন।<br><br>৫। বাদী- বিবাদীর উপস্থিতক্রমে শুনারীর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।<br><br>এতে সেবা গ্রহীতার অভিযোগ কর্মকর্তাকে শোনানোর জন্য আলাদা সময় দেয়ার প্রয়োজন হবে না। শোনানীর | | |



পরিচাল
জাতীয় মহিল
মহিলা ও শিশু বিষয়

| ক্র:নং | দপ্তরের নাম | ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়ার নাম | সংশিক্ষপ্ত বিবরণ | যৌক্তিকতা | প্রত্যাশিত ফলাফল | উদ্ভাবক (বৃন্দে নাম, মোবাই পদবি, কার্যালয় মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সেবা সহজিকরণ – | | | | | | |
| ১। | জাতীয় মহিলা সংস্থার ৩০টি জেলা ও ১০ উপজেলা | সংস্থার জেলা ও উপজেলায় পরিচালিত ট্রেড (সেলাই ও এমব্রয়ডারী) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা তাদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে প্রদান। | প্রশিক্ষণ ভাতা প্রশিক্ষণার্থীদের নামে সরাসরি একাউন্টের/মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে প্রদান। | জাতীয় মহিলা সংস্থার ৬৪ টি জেলা এবং ৫০টি উপজেলার সেলাই ও এমব্রয়ডারী শীর্ষক একটি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ট্রেড পরিচালিত হয়। ৪ মাস মেয়াদী উক্ত ট্রেডের আওতায় প্রশিক্ষণার্থীদের দৈনিক ১০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।<br><br>বর্তমানে সংস্থার বাজেটের সাথে উক্ত অর্থ জেলা উপজেলায় প্রেরণ করা হয়। এতে ভাতা পেতে বিলম্ব হয়, অনিয়ম হয়।<br><br>এমতাবস্থায়, উক্ত ভাতার অর্থ সংস্থার বাজেটের সাথে প্রদান না করে প্রশিক্ষণার্থীদের নামে সরাসরি একাউন্টের/মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে প্রদান করলে প্রকৃত ব্যক্তি তার নিজের অর্থ সময়মত বুঝে পাবেন এবং উক্ত টাকা কাজে লাগিয়ে স্বাবলম্বি হতে পারবেন। | সেবা গ্রহিতাদের ভাতা প্রাপ্তি সহজ হবে। ভাতা প্রাপ্তিতে অনিয়ম হবে না এবং সময়ের সাশ্রয় হবে। | জনাব জি.এম.রফি ইসলাম পরিচালক (যুগ্মস জাতীয় মহিলা স মোবাইল- ০১৮১৯১৩০৭ ই-মেইল : rafiqliya@gmai |

পরিচালক
জাতীয় মহিলা
মহিলা ও শিশু বিষয়ক

| ক্র:নং | দপ্তরের নাম | ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়ার নাম | সংশিক্ষপ্ত বিবরণ | যৌক্তিকতা | প্রত্যাশিত ফলাফল | উদ্ভাবক (বৃন্দের) নাম, মোবা পদবি, কার্যালয়, ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ডিজিটাল সেবা | | | | | | |
| ১। | সংস্থার প্রধান কার্যালয় ও ৫টি জেলা ও ৫টি উপজেলা। | সংস্থার প্রধান কার্যালয় ও জেলা ও উপজেলা শাখার কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন হাজিরা ; | অনলাইন হাজিরা | জাতীয় মহিলা সংস্থা বাংলাদেশের সর্বসস্তরের মহিলাদের সার্বিক উন্নয়ন ও তাদের অবস্থার পরিবর্তনের লক্ষ্যে বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ, হোস্টেল সেবা, ডে-কেয়ার সেবা, ক্ষুদ্রঋণ, নারী নির্যাতন প্রতিরোধ সেল, আইটি প্রশিক্ষণ ইত্যাদির মাধ্যমে সংস্থার প্রধান কার্যালয়, ৬৪ জেলা ৫০ উপজেলার মাধ্যমে সেবা প্রদান করে থাকে। উক্ত সেবা সমূহ প্রদানের সঙ্গে সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারী কোন না কোনভাবে সম্পৃত রয়েছেন।<br><br>বর্তমানে সংস্থার প্রধান কার্যালয় এবং জেলা ও উপজেলায় কর্মকর্তা/কর্মচারীগণ অফিসে পৌছে হাজিরা রেজিষ্টারে তাদের উপস্থিত নিশ্চিত করেন এবং অফিস ত্যাগের কোন ডকুমেন্ট থাকে না। এতে কর্মকর্তা ও কর্মচারীগণ অফিসে উপস্থিত ও ত্যাগের বিষয়ে স্বাধীন থাকেন। ফলে সেবা গ্রহীতাগণ অনেক সময় সেবা পেতে বিলম্ব হয়।<br><br>ডিজিটাল মেশিনের মাধ্যেমে পাইলটিং হিসেবে সংস্থার প্রধান কার্যালয়সহ সংস্থার ৫টি জেলা ও ৫টি উপজেলায় কর্মকর্তা/কর্মচারী উপস্থিত নিশ্চিত করলে সকলে সময়মত অফিসে উপস্থিতি এবং অফিস ত্যাগ নিশ্চিত হবে। এতে সেবা গ্রহীতাগণ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের নিকট হতে সময়মত সেবা পেতে পারবে। | সংস্থার আওতাধীন সকল সেবা গ্রহীতারা সহজে সকল সেবা সময়মত পাবেন। | জনাব তাহসিনা বেগম উপপরিচালক (উপসচিব) জাতীয় মহিলা সংস্থা, প্রধা কার্যালয়।<br>মোবাইল নম্বর-০১৮১৫৪৬১২<br>**ই-মেইল -**<br>**tahsinabegum25@gmail.** |



পরিচালক
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণা